



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পার্বত্য জেলা পরিষদ

খাগড়াছড়ি পার্বত্য জেলা

Website: www.khdc.gov.bd

স্মারক নং- ২৯.২৩৬.০১১.৩৩.১৬.০২৬.২০১৮- ৫৪০

তারিখঃ ২৪/০৪/১৮খ্রি.

-ঃ পুনঃ নিলাম বিজ্ঞপ্তি :-

খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ হটিকালচার পার্কের ফলদ বাগানে বিদ্যমান আম, লিচু ও কাঁঠালের মৌসুমী ফলসমূহ ইজারা দানের লক্ষ্যে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রকাশ্যে নিলাম ডাক আহবান করা যাচ্ছে। আগামী ৩০/০৪/২০১৮খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকায় পার্বত্য জেলা পরিষদ কার্যালয়ে আগ্রহী ইজারাদারদের জামানত বাবদ নগদ = ১০,০০০/- (দশ হাজার) টাকা অথবা চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি এর অনুকূলে সমপরিমাণ অর্থের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে। নিলামে সর্বোচ্চ দরদাতার দরই প্রহনযোগ্য বলে বিবেচিত হবে এবং ইজারা সম্পন্ন হওয়ার পর পরই ডাকের সমুদয় অর্থ নগদ পরিশোধ করতে হবে। অন্যথায় ডাক গ্রহন করা হবে না।

শর্তাবলী :

- ১১) শুধুমাত্র ১(এক) মৌসুমের জন্য অর্থাৎ এপ্রিল-২০১৮ হতে জুন-২০১৮ সময় পর্যন্ত এ ইজারার মেয়াদ বলবৎ থাকবে। নির্ধারিত সময়ের মধ্যে ফল আহরণ সম্পন্ন না হলে কর্তৃপক্ষের অনুমতিক্রমে ১(এক) মাস ফল আহরণের মেয়াদ বাড়ানো যাবে।
- ১২) আগ্রহী ইজারা গ্রহীতাগণ নিলাম ডাকের পূর্বে নিজ দায়িত্বে ফলদ বাগান পরিদর্শন করতে পারেন।
- ১৩) ইজারা গ্রহীতাকে নিজ দায়িত্বে ফলের প্রহরা, পরিচর্যা, পরিবহন, বা বিপণন এর ব্যবস্থা গ্রহন করতে হবে।
- ১৪) ইজারার জন্য উল্লিখিত ৩(তিন)ধরণের মৌসুমী ফল ব্যতীত অন্যান্য ফলমূল সংগ্রহ বা পরিবহন করা যাবে না।
- ১৫) ইজারা গ্রহীতাকে অবশ্যই পার্কের নিয়ম শৃংখলা মেনে চলতে হবে এবং পার্ক ও বাগানের অন্যান্য বৃক্ষ ও ফলমূলের কোন ক্ষতি সাধন করা যাবে না।
- ১৬) যে সকল ইজারাদারদের ডাক গৃহীত হবে না, তাদের জামানত বাবদ জমাকৃত অর্থ বা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত দেয়া হবে।
- ১৭) সর্বোচ্চ নিলাম ডাককারীর অনুকূলে পরবর্তীতে চুক্তি সম্পাদন পূর্বক কার্যাদেশ প্রদান করা হবে।
- ১৮) জামানতের সাথে আগ্রহী ইজারাদারদের নাম, পিতার নাম, যোগাযোগের ঠিকানা, জামানতের অর্থের পরিমাণ ও মোবাইল নম্বরসহ একটি লিখিত বিবরণ স্বাক্ষরপূর্বক জমা দিতে হবে।
- ১৯) বিস্তারিত তথ্যের জন্য খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ বা পরিষদ পার্কের দপ্তরের সাথে যোগাযোগ করতে হবে।
- ২০) কর্তৃপক্ষ যে কোন শর্ত বা আদেশ পরিবর্তন, পরিবর্ধন, শিথিল বা বাতিল এবং গ্রহণযোগ্য দর পাওয়া না গেলে পুনঃ বিজ্ঞপ্তি দেয়ার সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন।

(টিটন খীসা)

নির্বাহী কর্মকর্তা

পার্বত্য জেলা পরিষদ

খাগড়াছড়ি।

☎ ০৩৭১-৬১৯৩৬

তারিখঃ ২৪/০৪/২০১৮খ্রিঃ

স্মারক নং- ২৯.২৩৬.০১৮.৬৬.০১৫.২০১২- ৫৪০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, খাগড়াছড়ি।
- ২। পুলিশ সুপার, খাগড়াছড়ি।
- ৩। জনাব .....সম্মানিত সদস্য, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
- ৪। মেয়র, খাগড়াছড়ি পৌরসভা।
- ৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, খাগড়াছড়ি সদর।
- ৬। বিভাগীয় বন কর্মকর্তা/উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ, খাগড়াছড়ি।
- ৭। উপজেলা কৃষি কর্মকর্তা, সদর উপজেলা/সহকারী উদ্যানতত্ত্ববিদ, হটিকালচার সেন্টার, খেজুর বাগান, খাগড়াছড়ি।
- ৮। প্রশাসনিক কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি ও তত্ত্বাবধায়ক, খাগড়াছড়ি জেলা পরিষদ পার্ক।
- ৯। জনাব প্রভাৎকর চাকমা, আইটি কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
- ১০। ব্যক্তিগত সহকারী, চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১১। জনাব মোঃ সাইফুল ইসলাম/জনাব ইমন ত্রিপুরা, উপ-সহকারী কৃষি কর্মকর্তা খাগড়াছড়ি জেলা পরিষদ পার্ক, খাগড়াছড়ি।
- ১২। অফিস নথি।

নির্বাহী কর্মকর্তা

পার্বত্য জেলা পরিষদ

খাগড়াছড়ি।